কানাইঘাটের বড়চতুল ইউপির এক মাদ্রাসা শিক্ষার্থী ১৬ দিন ধরে নিখোঁজ

কানাইঘাট প্রতিনিধি:: কানাইঘাট থেকে ১৬ দিন ধরে এক মাদ্রাসা পড়ুয়া শিক্ষার্থী নিখোঁজ রয়েছে। কানাইঘাট থানায় সাধারন ডায়রী করার পরও তার কোন সন্ধান না পাওয়ায় পরিবারের সদস্যরা উৎকণ্ঠার মধ্যে রয়েছেন। জানা যায়, ৫নং বড়চতুল ইউপির সরুফৌদ গ্রামের হাফিজ নিজাম উদ্দিনের ছেলে জকিগঞ্জ শাহবাগ জামিয়া মাদানিয়া কাসিমুল উলূম ঘাটের বাজার মাদ্রাসার হিফজ বিভাগের শিক্ষার্থী মাহদি হাসান
(১৩) কে গত ২৬/০৬/২০২২ইং তারিখ তাহার পিতা হাফিজ নিজাম উদ্দিন মাদ্রাসায় নিয়ে যাওয়ার উদ্দেশ্যে কানাইঘাট বাজার জামে মসজিদে ছেলেকে নিয়ে জোহরের নামাজ নামাজ আদায় করার পর তাকে আর খুঁজে পাননি। সম্ভাব্য সকল জায়গায় খোঁজাখুঁজি করার পরও মাহদি হাসানের কোন সন্ধান না পেয়ে তার পিতা হাফিজ নিজাম উদ্দিন ০৭/০৭/২০২২ইং তারিখ কানাইঘাট থানায় তার ছেলে নিখোঁজের একটি সাধারন ডায়রী করেন। যার জিডি নং-২৯৫। পুলিশ নিখোঁজ জিডি তদন্ত করার পরও অদ্যাবধি পর্যন্ত মাহদি হাসানের কোন সন্ধান পরিবারের সদস্যরা না পেয়ে দিশাহারা হয়ে পড়েছেন। ছেলেকে হারিয়ে তার পিতা-মাতা ও ভাই-বোন বার বার বিলাপ করছেন। মাহদি হাসানের পিতা হাফিজ নিজাম উদ্দিন জানান নিখোঁজের সময় তার ছেলের পরনে কালো রংয়ের লম্বা পাঞ্জাবী, পায়জামা ও মাথায় সাদা টুপি ছিল। কোন সহোদর ব্যক্তি নিখোঁজ মাদ্রাসার শিক্ষার্থী মাহদি হাসানের সন্ধান পেলে ০১৭১২-৭৯৮৫১৫ নম্বরে যোগাযোগ করার জন্য তার পরিবারের পক্ষ থেকে অনুরোধ করা যাচ্ছে।